গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগেরহাট সদর, বাগেরহাট।
sadar.bagerhat.gov.bd

নং-০৫.৪৪.০১০৮.০০০.১১.০০১.২৪-৩৮৮ তারিখঃ ৩০-০৪-২০২৪ খ্রিঃ

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাগেরহাট সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহল্লাদার) শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১১ এর তফসিল-১ (১২ জুলাই ২০১৬ তারিখের এস,আর,ও নং-২২৭-আইন/২০১৬ এবং ১৩ নভেম্বর, ২০১৬ তারিখের এস,আর,ও নং-৩৩৬-আইন/২০১৬ দ্বারা সংশোধিত) এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলি সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (০৩ জুলাই ২০১৭ তারিখের এস,আর,ও নং-২৩২-আইন/২০১৭ দ্বারা সংশোধিত) এর বিধি ৭(২) অনুযায়ী জনবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শূন্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ২ নং বেমরতা | ৯ নং | মহল্লাদার | ০১ টি | |
| ০২ | ৩ নং গোটাপাড়া | ৩ নং | মহল্লাদার | ০১ টি | |
| ০৩ | ৫ নং বারুইপাড়া | ৯ নং | মহল্লাদার | ০১ টি | |
| ০৪ | ৭ নং ষাটগম্বুজ | ৪ নং ও ০৬ নং | মহল্লাদার | ০২ টি | |
| ০৫ | ৮ নং খানপুর | ১ নং ও ২নং | মহল্লাদার | ০২ টি | |
| ০৬ | ৯ নং রাখালগাছি | ১নং ও ৮ নং | মহল্লাদার | ০২টি | |
| ০৭ | ১০ নং ডেমা | ৬ নং | মহল্লাদার | ০১টি | |

| ক্রঃ নং | পদের নাম | সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা | বেতনক্রম ও প্রচলিত ভাতাদি |
|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ০৪/১১/২০১৮ খ্রি: তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০. ২০১৫-৫৯৫ নং স্মারকের পত্র অনুযায়ীঃ সরকারী অংশ =৩২৫০/- টাকা ও ইউপি ইউ. পি. অংশ =৩২৫০/-টাকা। মাসিক বেতন মোট ৬,৫০০/-(ছয় হাজার পাঁচশত) টাকা। |

## শর্তাবলি

০১। মহল্লাদার পদের প্রার্থীকে স্ব-স্ব ইউনিয়ন/সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (৩০/০৫/২০২৪ খ্রি: তারিখ), জাতীয় পরিচয়পত্র নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদনপত্র লিখতে হবে।

০৩। শারীরিক যোগ্যতাঃ

পুরুষদের ক্ষেত্রেঃ(ক) সর্বনিম্ন উচ্চতা-৫´- ২´´; (খ) বুকের মাপ- ৩০´´; (স্বাভাবিক) এবং ৩২´´(সম্প্রসারণ);
(গ) সর্বনিম্ন ওজন-৫০কেজি

মহিলাদের ক্ষেত্রেঃ (ক) সর্বনিম্ন উচ্চতা-৫´; (খ) বুকের মাপ-২৮´´; (স্বাভাবিক) এবং ৩০´´(সম্প্রসারণ);
(গ) সর্বনিম্ন ওজন-৪৫ কেজি

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্রের সত্যায়িত কপি ।খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ।গ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি ।ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি । ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

**চ) যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর বরাবর ১০০/-(একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক** ড্রাফট/পে-অর্ডার।

ছ) মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা

পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভূক্ত হতে না পারলে তার চাকরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেনীর গেজেটড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

জ) অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/প্রমাণপত্রের সত্যায়িত কপি।

০৫। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যাই উল্লেখ করতে হবে।

০৬। ছবি ও সনদ পত্রাদি সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারীর নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৬। প্রার্থীর বয়স ৩০/০৫/২০২৪ তারিখে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য;

০৭। চাকুরীতে প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাচিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয় এবং অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮। আবেদনপত্র আগামী ৩০/০৫/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) দাখিল করতে হবে।

০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নিধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

১০। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় (শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ও মৌখিক) অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১১। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৩। বিগত ১৩/১০/২০২২ তারিখের ০৫.৪৪.০১০৮.০০০.১১.০০১.২২-১৬১০ নং স্মরকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছিল তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;

৩০/০৪/২০২৪

(মোঃ রাশেদুজ্জামান)
সভাপতি
দফাদার ও মহল্লাদার পদে নিয়োগের বাছাই কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট
ফোনঃ ০২৪৭৭৭৭৯৪০৪৪।
ই-মেইল : unobagerhat@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১০৮.০০০.১১.০০১.২৪- ৩৮৬/১(৩০) তারিখঃ ৩০-০৪-২০২৪ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। পুলিশ সুপার, বাগেরহাট।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
০৪। সিভিল সার্জন, বাগেরহাট।
০৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাগেরহাট পৌরসভা, বাগেরহাট।
০৭। উপজেলা প্রকৌশলী, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৮। অফিসার ইন-চার্জ, বাগেরহাট মডেল থানা।
০৯। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধি:, বাগেরহাট সদর, বাগেরহাট (উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য)

অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১১। উপজেলা ...................................... অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট।
১২। চেয়ারম্যান, ................................ইউনিয়ন পরিষদ (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
১৩। ইউপি সচিব, ...............................ইউনিয়ন পরিষদ (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
(হাট-বাজারে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য)
১৪। উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ................................ইউনিয়ন পরিষদ (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
(ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশের জন্য)
১৫। নোটিশ বোর্ড।

৩০/০৪/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট